



একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
www.dhakaeducationboard.gov.bd



জরুরি বিজ্ঞপ্তি

এ বোর্ডের আওতাধীন মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক বিদ্যালয়ের অধ্যক্ষ/প্রধান শিক্ষককে জানানো যাচ্ছে, ২০২০ সালে নবম শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশনের লক্ষ্যে ফিসমূহ সোনালী ব্যাংকের সোনালী সেবার মাধ্যমে জমা দিতে হবে। রেজিস্ট্রেশন প্রক্রিয়ায় নিম্নেবর্ণিত জরুরি নির্দেশনাবলি অনুসরণপূর্বক নির্ধারিত সময়ের মধ্যে রেজিস্ট্রেশন কার্যক্রম সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো।

জরুরি নির্দেশাবলি

- ১। বোর্ড রেগুলেশনের ৩৯(২) ধারা অনুযায়ী ১২ বছর পূর্ণ না হলে এবং ১৮ বছরের অধিক হলে কোন শিক্ষার্থী নবম শ্রেণিতে ভর্তি হতে পারবে না;
- ২। জনপ্রতি রেজিস্ট্রেশন ফি : (ক) বিলম্ব ফি ব্যতিত জনপ্রতি ১৬৩/- (একশত তেষাট্টি) টাকা
(খ) বিলম্ব ফিসহ জনপ্রতি ৩০৩/- (তিনশত তিন) টাকা মাত্র;
- ৩। বিলম্ব ফি জনপ্রতি : ১৪০/- (একশত চল্লিশ) টাকা মাত্র;
- ৪। সকল শিক্ষা প্রতিষ্ঠানের হালসন নাগাদ স্বীকৃতি থাকতে হবে এবং বোর্ড কর্তৃক পাঠদানের অনুমতিপ্রাপ্ত প্রতিষ্ঠান ব্যতীত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন করা যাবে না;
- ৫। নিজ শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত শিক্ষার্থী ব্যতীত অন্য কোন শিক্ষার্থীকে কোন অবস্থাতেই রেজিস্ট্রেশন ভুক্ত করা যাবে না। যদি এর ব্যত্যয় ঘটে তাহলে শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা নেয়া হবে।
- ৬। ঢাকা বোর্ডের ওয়েবসাইটে OEMS/eSIF বাটনে ক্লিক করে EIIN ও Password দিয়ে লগইন (Login) করলে Dashboard থেকে eSIF SSC-তে ক্লিক করলে Payable Fees of SSC 2020 Registration-এ Applicant name, Mobile no. এবং Number of Student দিয়ে Print sonali seba slip-এ ক্লিক করে সোনালী সেবার স্লিপটি প্রিন্ট করতে হবে (বিঃ দ্রঃ- ফরমটি কোনভাবেই ফটোকপি করে ব্যাংকে জমা দেয়া যাবে না);
 ব্যাংকে ২৪ ঘণ্টার মধ্যে পেমেন্ট ক্লিয়ার করলে নির্ধারণকৃত শিক্ষার্থীদের eSIF পূরণ করা যাবে। পেমেন্ট ক্লিয়ারের পরে নির্ধারিত সময়ের মধ্যে পুনরায় সোনালী সেবার স্লিপ বের করা যাবে;
- ৭। ফি জমাদান ও eSIF পূরণের তারিখ : ১৬ আগস্ট ২০২০ থেকে ১৩ সেপ্টেম্বর ২০২০ পর্যন্ত;

রেজিস্ট্রেশন ফি ও অন্যান্য ফি নিম্নরূপ :

রেজিঃ ফি	ক্রীড়া ফি	বয়েজ স্কাউট/গার্লস গাইড ফি	বিজ্ঞান ও প্রযুক্তি ফি	রেডক্রিসেন্ট ফি	বিএনসিসি ফি	বিলম্ব ফি	ফি-এর পরিমাণ	
							বিলম্ব ফি ব্যতিত	বিলম্ব ফিসহ
৮০/-	৫০/-	১৫/-	৫/-	৮/-	৫/-	১৪০/-	১৬৩/-	৩০৩/-

* শিক্ষা প্রতিষ্ঠানসমূহ শিক্ষার্থীপ্রতি ২০/- (বিশ) টাকা হারে রেডক্রিসেন্ট ফি আদায় করবেন। এর মধ্যে ৮/- (আট) টাকা রেডক্রিসেন্ট ফি হিসেবে অন্যান্য ফি-এর সাথে জমা দিতে হবে। অবশিষ্ট ১২/- (বার) টাকা শিক্ষা প্রতিষ্ঠানের রেডক্রিসেন্ট তহবিলে জমা হবে।

পাতা- ২

- ৮। শিক্ষা মন্ত্রণালয়ের ১৯/০৮/২০১৯ তারিখের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭২.৪৪.০০৫.১৩.২৬১ মোতাবেক ক্রীড়া ফি ৩০/- (ত্রিশ) টাকার স্থলে ৫০/- (পঞ্চাশ) টাকা করা হয়েছে।
- ৯। ফি জমাদানের জন্য বোর্ডে আসার প্রয়োজন নেই;
- ১০। ব্যাংকে টাকা জমাদানের ২৪ ঘন্টার মধ্যে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান eSIF পূরণ শুরু করতে পারবে;
- ১১। অনলাইন শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন সম্পন্ন হবার পর (অনলাইন রেজিস্ট্রেশন সম্পন্ন হবার পর চূড়ান্ত তালিকা ফাইনাল সাবমিটের পূর্বে দায়িত্বপ্রাপ্ত শিক্ষক দ্বারা বিদ্যালয়ে রক্ষিত ভর্তি ফরম ও সনদের সাথে মিলিয়ে ভালভাবে চেক করবেন। নিশ্চিত হবার পর ফাইনাল সাবমিট করবেন। রেজিস্ট্রেশন কার্যক্রমে কোন অবস্থায় শিক্ষার্থীদের সংযুক্ত করা যাবে না) চূড়ান্ত তালিকার প্রিন্ট আউট (হার্ড কপি) প্রতিষ্ঠানে সংরক্ষণ করতে হবে। শিক্ষার্থীর তথ্যে ভুল-ত্রুটির জন্য শিক্ষা প্রতিষ্ঠান প্রধান দায়ী থাকবেন;
- ১২। উপরোক্ত তারিখের মধ্যে শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন করতে ব্যর্থ হলে বা এ কারণে শিক্ষার্থীর কোনো সমস্যা হলে এর দায়-দায়িত্ব শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে বহন করতে হবে।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

স্বাঃ

প্রফেসর মোহাম্মদ আবুল মনছুর ভূঞা
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ঢাকা
ফোন : ৫৮৬১০০৬৯


প্রাপক : অধ্যক্ষ/প্রধান শিক্ষক
বোর্ডের আওতাধীন অনুমোদিত সকল শিক্ষা প্রতিষ্ঠান


মেমো নং- ৬৪/জেএসসি/এসএসসি রেজিঃ ও পরীঃ/২৫৭০

তারিখ : ০৫/০৮/২০২০

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
- ২। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
- ৩। উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
- ৪। উপ-পরিচালক (হিঃ ও নিঃ), মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
- ৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
- ৬। পিএস-টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
- ৭। অফিস কপি।


০৫/০৮/২০২০
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ঢাকা


২৪/০৮/২০২০